# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**01 FEBRUARY 2025 7:45—7:55 PM IST**

==========================================================

১) মধ্যবিত্ত শ্রেণীকে রেহাই দেবার লক্ষ্য এবং বৃহৎ অর্থনৈতিক সংস্কার ঘোষনার মাধ্যমে ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট উত্থাপন ।

২) কেন্দ্রীয় বাজেটে বছরে আয় ১২ লক্ষ টাকা পর্যন্ত কর রেহাই ঘোষণা করা সহ প্রবীণ নাগরিকদের কর রেহাই ৫০ হাজার টাকা থেকে ১ লক্ষ টাকা পর্যন্ত বৃদ্ধি ।

৩) আসামের নামরূপে বছরে ১২ লক্ষ ৭০ হাজার মেট্রিক টন বার্ষিক ইউরিয়া উৎপাদনের জন্য ইউরিয়া প্রকল্প স্থাপন করা হবে বলে বাজেটে প্রস্তাব ।

এবং

৪) কেন্দ্রীয় বাজেট নিয়ে বেশকয়েকজন বিরোধী নেতার প্রতিক্রিয়া ব্যক্ত ।

---

কেন্দ্রীয় অর্থ মন্ত্রী নির্মলা সীতারমণ আজ লোকসভায় দেশের মধ্যবিত্ত শ্রেণীকে রেহাই দেওয়ার লক্ষে ও বৃহৎ অর্থনৈতিক সংস্কার ঘোষনার মাধ্যমে ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট উত্থাপন করেন ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকারের তৃতীয় কার্যকালে দাখিল করা আ জকের বাজেটে শিশু , মহিলা , কৃষক ও উদ্যমী সকলের জন্য বিশেষ প্রস্তাব ঘোষনা করা সহ কৃষি , চিকিৎসা , নিয়োগ , পর্যটন ইত্যাদি বিষয়গুলি গুরুত্ব পেয়েছে । এবারের বাজেটে ১০ টি প্রধান ক্ষেত্রে গুরুত্ব আরোপ করা হয়েছে ।

এই বাজেট বিকশিত ভারতের আকাংখা পূরণের উদ্দেশ্যে প্রস্তুত করা সহ বিকাশের জন্য সমর্পন করা হয়েছে বলে অর্থ মন্ত্রী উল্লেখ করেন । তিনি বলেন যে আগামী ৫ বছরে সরকার নিয়োগ সম্পর্কিত বিকাশের লক্ষ পূরণ করতে সমর্থ হবে ।

আগামী সপ্তাহে নতুন আয়কর বিল ঘোষনা করা হবে বলে অর্থমন্ত্রী জানান । বীমা ক্ষেত্রে প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগ ১০০ শতাংশে বৃদ্ধি করা হবে বলে জানিয়ে অর্থ মন্ত্রী অর্থনৈতিক সংস্কারের জন্য উচ্চস্তরীয় কমটি গঠন করার জন্য প্রস্তাব দেন ।পর্যটন ক্ষেত্রকে এবারের বাজেটে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে । বাজেটের প্রতিলিপিতে দেশের ৫০ টি উল্লেখযোগ্য পর্যটন ক্ষেত্রের উন্নয়নের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে ।এই ক্ষেত্রে রাজ্য সরকারের সংগে বিশেষ চুক্তি ও সম্পাদন করা হবে বলে শ্রীমতী সীতারমণ উল্লেখ করেন ।

২০২৫-২৬ অর্থ বছরের বাজেটে কৃষি ক্ষেত্রের উন্নয়ন ও কৃষককে উপকৃত করার লক্ষে বেশ কিছু নতুন প্রকল্প ঘোষনা করা হয়েছে । তুলা চাষের জন্য বাজেটে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে । শ্রীমতী সীতারমণ বলেন যে ডালের ক্ষেত্রে দেশ আত্মনির্ভরশীল হোয়ার জন্য সরকার ছবছরের অভিযান আরম্ভ করেছে । কিষাণ ক্রেডিট কার্ডের সীমা ৫ লক্ষ টাকায় বৃদ্ধি করা হয়েছে । বাজেটে কৃষি উৎপাদন বৃদ্ধি ও কৃষকের উন্নয়ন সহ ১ কোটি ৭০ লক্ষ কৃষককে ঋণের সুবিধা প্রদানের উদ্দেশ্যে জেলাগুলিতে প্রধানমন্ত্রী ধন ধ্যান কৃষি যোজনা আরম্ভ করার প্রস্তাব নেওয়া হয়েছে ।

বর্তমান সরকারের তৃতীয় কার্যকালের এই বাজেটে আয়কর কাঠামো সরলীকরণ করার জন্য অর্থমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছেন । দেশের মধ্যবিত্ত লোকেদের রেহাই দেওয়ার উদ্দেশ্যে ১২ লক্ষ টাকা পর্যন্ত আয়কর রেহাইর কথা ঘোষনা করা হয়েছে । এর জন্য ৪ লক্ষ টাকা পর্যন্ত আয়ের ক্ষেত্রে কোনো ধরণের আয়কর দিতে হবে না ।৪ থেকে ৮ লক্ষ টাকা পর্যন্ত ৫ শতাংশ কর রেহাইর ঘোষনা ও ৮ থেকে ১২ লক্ষ টাকা পর্যন্ত ১০ শতাংশ কর রেহাই দেওয়া হবে বলে বাজেটে শ্রীমতী সীতারমণ প্রস্তাব করেন । কেন্দ্রীয় বাজেটে বছরে আয় ১২ লক্ষ টাকা পর্যন্ত কর রেহাই ঘোষনা করা সহ প্রবীন নাগরিকদের কর রেহাই ৫০ হাজার টাকা থেকে ১ লক্ষ টাকা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে ।

জনসাধারণের স্বাস্থ্য সুনিশ্চিত করতে দেশের স্বাস্থ্য ক্ষেত্রে বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে । জীবনদায়িনী ৩৬ ধরণের ঔষধের ক্ষেত্রে কর রেহাই দেওয়া হবে বলে অর্থমন্ত্রী ঘোষনা করেন । চলতি বছরের মধ্যে দেশের সব হাসপাতালে দুহাজার কেন্সার কেন্দ্র স্থাপন করা হবে । চিকিৎসা মহাবিদ্যালয়গুলিতে ১০ হাজার অতিরিক্ত আসনের ব্যবস্থা করা হবে বলে বাজেটে উল্লেখ করা হয়েছে ।

দেশের পাচটি আই আই টির সক্ষমতা বৃদ্ধির জন্য লক্ষ্য নির্ধারণ করা হয়েছে ।

বাজেটে ১০০ শতাংশ অঞ্চলকে অর্ন্তভূক্ত করে জলজীবন মিশনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে ।এর অধীনে সকলকে নলযোগে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করার জন্য রাজ্য সরকারের সংগে চুক্তি সম্পন্ন করা হবে বলে শ্রীমতী সীতারমণ ঘোষনা করেন ।

আসামের নামরুপের সার কারখানার জন্য অর্থ মন্ত্রী বাজেটে বছরে ১২ লক্ষ ৭০ হাজার মেট্রিকটন ইউরিয়া উৎপাদনের লক্ষে নামরুপে নতুনকরে ইউরিয়া প্রকল্প স্থাপন করা হবে বলে উল্লেখ করেছেন ।

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা কেন্দ্রীয় বাজেটের এই প্রস্তাবকে স্বাগত জানিয়ে এই প্রকল্প রাজ্য সহ সমগ্র উত্তরপূর্বাঞ্চলের জন্য লাভদায়েক হবে বলে মন্তব্য করেছেন।সার সহ এই প্রকল্প প্রাকৃতিক গ্যাসের সদব্যবহারের ক্ষেত্রে ও সহায়তা করবে বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------

এদিকে বেশ কয়েকজন বিরোধী নেতা সরকারের সমালোচনা করে বলেন যে বাজেটে মধ্যবিত্ত শ্রেণী ও দেশের যুবক যুবতীদের জন্য কিছু নেই । সংসদের বাইরে সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বার্তার সময় কংগ্রেসের শশী থারুর বলেন যে বাজেটে বেকার সমস্যা ও যুবক যুবতীদের নিয়ে অন্য বিষয়ের ওপর আলোচনা করা হয়নি ।

টি এম সির সাংসদ অভিষেক ব্যানার্জী বলেন যে বাজেটে মধ্যবিত্তদের জন্য কিছু নেই ।

ডি এম কের সাংসদ দয়ানিধি মরান বাজেটে মধ্যবিত্ত শ্রেণীকে উপেক্ষা করার অভিযোগ উত্থাপন করেন । তিনি বলেন যে বিহারের জন্য বেশকিছু ঘোষনা করা হয়েছে ,কারণ রাজ্যে চলতি বছরের শেষভাগে নির্বাচন অনুষ্ঠিত হবে । সেইসঙ্গে তিনি দক্ষিণের রাজ্যগুলিকে সম্পূর্ণভাবে উপেক্ষা করা হয়েছে বলেও উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার পৌরহিত্যে লোকসেবা ভবনে গতকাল অনুষ্ঠিত মন্ত্রীসভার বৈঠকে বিভিন্ন গুরুত্বপূর্ন সিদ্ধান্ত গ্রহণ করা হয় । সে অনুসারে শিল্প ই বিনিয়োগ অনুকূল রাজ্য হিসেবে আসামের সর্বাঙ্গীন উন্নয়ন নিশ্চিত করার জন্য আসাম স্টার্ট আপ এবং উদ্ভাবন নীতি ২০২৫ ,আসাম মহাকাশ ও প্রতিরক্ষামূলক সামগ্রী উৎপাদন নীতি ২০২৫ এবং ওয়াই ই থ্রী নীতির কার্যকর প্রকল্পে অনুমোদন জানানো হয় । রাজ্যে স্টার্ট আপের উন্নয়নে অর্থ ও পরামর্শমূলক সমর্থনের জন্য একটি বিশেষ প্রশাসনিক বিভাগ সৃষ্টিতে অনুমোদন জানানো হয় । মন্ত্রীসভায় ১৯ টি জেলার চা

বাগান অঞ্চলের ২১৯ টি গ্রামীণ সড়ক উন্নত করার জন্য ২৩৪ কোটি টাকায় অনুমোদন জানানো হয় । এছাড়া ক্ষুদ্র ব্যাবসায়ীদের উৎসাহ যোগাতে শহরাঞ্চলের যোগ্য আত্মসহায়ক গোষ্ঠীর সদস্যদের সমর্থন প্রদানের জন্য মূখ্যমন্ত্রী শহরাঞ্চলের উদ্যমিতা অভিযানে মন্ত্রীসভা অনুমোদন জানিয়েছে । এই প্রকল্পটি শহরাঞ্চলের আত্মসহায়ক গোষ্ঠীর সদস্যদের ১০ হাজার টাকার প্রারম্ভিক অর্থ প্রদান করবে । বৈঠকে মিশন বসুন্ধরার তৃতীয় পর্যায়ের অধীনে আবেদনের সময়সীমা ১৫ ফেব্রুয়ারী পর্যন্ত বৃদ্ধি করারও অনুমোদন জানানো হয় ।আপন ঘর প্রকল্পের অধীনে হিতাধিকারীদের বর্ধিত ঋণের সুবিধা প্রদানের ক্ষেত্রেও বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয় ।

---------------------------------------------------------------------------------

আকাশবানী শিলচর কেন্দ্রের আঞ্চলিক সংবাদ বিভাগ আজ ৪৮ বছরে পদার্পণ করেছে । তৎকালীন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী ইন্দ্র কুমার গুজরাল এবং মহীতোষ পুরকায়স্থের উপস্থিতিতে আকাশবাণি শিলচর কেন্দ্রের উদ্বোধনের পাঁচ বছর পর অর্থাৎ ১৯৭৮ সালের পয়লা ফেব্রুয়ারী আঞ্চলিক সংবাদ বিভাগ যাত্রা শুরু করে । আঞ্চলিক সংবাদ বিভাগ থেকে নিয়মিত সংবাদ পরিবেশন ছাড়াও বিধানসভা পর্যালোচনা ও বিশেষ আলোচনামূলক অনুষ্ঠানও সম্প্রচারিত হয়ে থাকে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের মীন ,পশুপালন ও পশু চিকিৎসা এবং পূর্ত বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল সম্প্রতি শ্রীভূমি শহরের সেটেলমেন্ট রোডে সখী -ওয়ান স্টপ সেন্টারের উদ্বোধন করেছেন ।৫৪ লক্ষ ৭৮ হাজার টাকা ব্যয়ে নবনির্মিত এই সেন্টারটি নির্যাতিত মহিলাদের কল্যাণে ২৪ ঘন্টা কার্যকর থাকবে । এছাড়া এই ওয়ান স্টপ সেন্টারে চিকিৎসা সুবিধা ,মনস্তাত্বিক পরামর্শ ,আইনী সেবাও প্রদান করা হবে । শ্রীভূমি জেলায় স্থাপিত এই কেন্দ্র জেলার নির্যাতিত মহিলাদের সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে মন্ত্রী আশা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় অপরাধ প্রবনতা উল্লেখ্যযোগ্যভাবে হ্রাস পেয়েছে । জেলার পুলিস সুপার লীনা দোলে জানান যে জেলার বিভিন্ন থানায় ২০২৩ এর তুলনায় ২০২৪ এ অপরাধ মূলক কাজকর্ম প্রায় ৩৭ শতাংশ হ্রাস পেয়েছে । এ সম্পর্কে শ্রীমতি দোলে বলেন......

বাইট

জেলার অপরাধ পরিসংখ্যান পর্য্যালোচনা করলে দেখা যায় যে জেলায় মহিলা ও শিশু উপর হিংসা , গৃহ বিবাদ এবং জমি সংক্রান্ত মামলাগুলি উল্লেখ্যযোগ্যভাবে কমেছে । পুলিশ সুপার শ্রীমতি দোলে জানান যে গৃহ বিবাদ এবং স্বামী-স্ত্রীর মধ্যের বিবাদগুলি রেজিষ্ট্রেশনের পূর্বে পুলিশের কাউন্সিলিং-এর মাধ্যমে সমাধান করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

উত্তরাখন্ডের দেরাদুনে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসেহাইলাকান্দি জেলার মনিতা আচার্য্য ও পঞ্চমী দাস অনুর্ধ ৩০ মহিলা তাইকোন্ড পমসে বিভাগে আসামের হয়ে প্রতিনিধিত্ব করছে । জেলার এই দুই প্রতিভাবন খেলোয়াড় আগামী তেসোরা ফেব্রুয়ারী দেরাদুনের উদ্দেশ্যে যাত্রা করবেন । জাতীয় গেমসে তাইকোন্ড আগামী ৫ই ফেব্রুয়ারী থেকে শুরু হবে । মনিতা ও পঞ্চমীর জাতীয় গেমসে খেলার সুযোগ পাওয়ায় হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার পক্ষ থেকে এই দুই খেলোয়াড়কে অভিনন্দন জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা স্তরের বরদলৈ ট্রফি ফুটবল প্রতিযোগীতায় আজ বি গ্রুপের ম্যাচে রয়েল এসোসিয়েশন ও ভাটিরকূপা ফুটবল ক্লাব বিজয়ী হয়েছে । রয়েল এসোসিয়েশন ৪-০ গোলের ব্যাবধানে প্যারাডাইস এন জি ওকে পরাজিত করে। । অন্যদিকে ভাটিরকূপা এফ সি দল ৫- ০ গোলের ব্যাবধানে রংমাই নাগা ওয়েলফেয়ার এসোসিয়েশনকে পরাজিত করেছে ।

প্রতিযোগীতায় আগামীকাল এ গ্রুপের দুটি ম্যাচ অনুষ্ঠিত হবে । । প্রথম ম্যাচে বাওয়ারঘাট এফ সি দল ইনসাফ ক্লাবের মুখোমুখি হবে এবং দ্বিতীয় ম্যাচে আলগাপুর এফ সি দল কাটলীছড়া সাবডিভিশনের স্পোর্টস এসোসিয়েশনের মুখোমুখি হবে ।

-----------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা পূর্ত বিভাগের জাতীয় সড়ক শাখার কার্য্যবাহী আধিকারীক এক বিজ্ঞপ্তীতে ৪৪ নম্বর জাতীয় সড়কের শ্রীভূমি ট্রাফিক পুলিশ পয়েন্ট থেকে পোয়ামারা সেকশনে পোয়ামারা কালীগঞ্জ সড়কের তেমাথা পর্য্যন্ত সড়ক মেরামতির জন্য আগামীকাল সকাল ৯টা থেকে আগামী চৌঠা ফেব্রুয়ারী বিকেল পাঁচটা পর্য্যন্ত এই সড়ক দিয়ে সব ধরনের যানচলাচল বন্ধ থাকবে । এই সময়সীমায় সব ধরনের যান চলাচল শ্রীভূমি বাইপাস দিয়ে চলাচল করবে বলে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------